



এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি)

SDS (Shariatpur Development Society)

বিজ্ঞপ্তি নং: ২০২৪-২০২৫.০০০.০৭

তারিখ : ১৯/০৮/২০২৪ইং

নিয়োগ বিজ্ঞপ্তি

সবার জন্য বসবাস যোগ্য, ন্যায় ও সমতা ভিত্তিক এবং দারিদ্র্যমুক্ত সমাজ গড়ার লক্ষ্যে ১৯৯২ সাল থেকে এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি) জাতীয় পর্যায়ে বেসরকারী উন্নয়ন সংস্থা হিসাবে বাংলাদেশের বিভিন্ন জেলায় উন্নয়ন মূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। সংস্থার “Emergency Response” কার্যক্রমের আওতায় নিম্নোক্ত পদে নিয়োগের জন্য আগ্রহী এবং যোগ্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	: প্রকল্প সমন্বয়কারী (পিসি)
পদ সংখ্যা	: ০১ জন
প্রকল্পের কর্মসূচী	: শরীয়তপুর।
বেতনভাতা ও অন্যান্য সুবিধা	: আলোচনা সাপেক্ষে।
শিক্ষাগত যোগ্যতা	: যেকোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে স্নাতকোত্তর/দুর্যোগ ব্যবস্থাপনায় স্নাতক/সমমান ডিগ্রী থাকতে হবে।
অভিজ্ঞতা	: স্বনামধন্য যেকোন প্রতিষ্ঠানে (এনজিও) উন্নয়ন প্রকল্প/দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রমে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
আবশ্যিক	: <ul style="list-style-type: none">● চমৎকার আন্তঃব্যক্তিক দক্ষতা এবং দলগত কাজ করার মানসিকতা থাকতে হবে।● মোটর সাইকেল চালানায় পারদর্শী ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকা আবশ্যিক।● কোবো টুলসসহ কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপে পারদর্শীসহ এমএসওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট পরিচালনায় দক্ষ হতে হবে।● প্রার্থীকে অবশ্যই স্মার্ট ফোন ব্যবহারের পারদর্শী হতে হবে।
দায়িত্ব ও কর্তব্য	: <ul style="list-style-type: none">● সামগ্রিক ব্যবস্থাপনা, সমন্বয় এবং প্রতিবেদন তৈরি করা।● কর্ম পরিকল্পনা এবং বাজেট অনুযায়ী সমস্ত কার্যক্রমের পরিকল্পনা ও বাস্তবায়ন।● জেলা, উপজেলা, ইউনিয়নের দুর্যোগ ঝুঁকি 'ব্যবস্থাপনা কমিটির সাথে যোগাযোগ বজায় রাখা। কোবো টুল ব্যবহার করে দুর্যোগ ঝুঁকিপূর্ণ পরিবারের সমীক্ষা পরিচালনা, দুর্যোগের ঝুঁকি স্থিতিস্থাপকতা তৈরি, দুর্যোগের আগাম সতর্কতা সম্পর্কে সচেতনতা তৈরি করা।● সেচ্ছাসেবকদের প্রশিক্ষণ এবং অভিযান, দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির ডিএমসি সদস্য ইত্যাদি।● পরিবারের ডাটা সংগ্রহ, যাচাইকরণ, দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মিটিং, ইভেন্ট রিপোর্ট তৈরি এবং শেয়ারিং ইত্যাদির জন্য স্থানীয় সরকারী প্রতিষ্ঠানের সাথে কাজ করা।● স্পট চেক, ফ্রস-চেক এবং কর্মীদের রিয়েল টাইম ফিল্ড মনিটরিংয়ের মাধ্যমে ডাটা গুণগত মান নিশ্চিত করতে নিয়মিত ডাটা যাচাই করা।● প্রয়োজন অনুযায়ী কর্মীদের তত্ত্বাবধান এবং ব্যবস্থাপনা।● প্রতি সাপ্তাহিক/মাসিক অগ্রগতি এবং আর্থিক প্রতিবেদন প্রস্তুত করা এবং সুপারভাইজারকে পাঠানো।● দাতা এবং সংস্থার নীতির সাথে প্রকল্পের নিয়ম ও আদেশ নিশ্চিত করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করা। নির্দিষ্ট সময়সীমার মধ্যে পরিকল্পিত কার্যক্রমগুলি অর্জনে সেচ্ছাসেবক, ফ্যাসিলিটের, কর্মকর্তাগণের তত্ত্বাবধান করা।● সংস্থা এবং সরকারের সাথে যোগাযোগ বজায় রাখা।● কর্মক্ষেত্রে সংস্থার অন্যান্য কর্মসূচিতে প্রয়োজনীয় সহায়তা প্রদান সহ সংস্থার স্বার্থে কর্তৃপক্ষ কর্তৃক অর্পিত দায়িত্ব যথাযথ ভাবে পালন করা।
বয়স	: সর্বোচ্চ ৪০ বছর (অভিজ্ঞ সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য।)
আবেদন পাঠানোর ঠিকানা এবং যোগাযোগের নম্বর	: এসডিএস প্রধান কার্যালয়, সদর রোড, শরীয়তপুর-৮০০০, বাংলাদেশ ০২৪৭৮৮১৫৪০৫, ০২৪৭৮৮১৫৪০৬ এবং ০১৩২৫-০৬০২০৩
ই-মেইল	: recruitmentsdsbd@gmail.com
আবেদন পাঠানোর শেষ তারিখ	: ২৬ আগস্ট, ২০২৪ইং

আগ্রহী প্রার্থীদের সংস্থার নির্বাহী পরিচালক বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্রের নম্বর, বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করতে হবে এবং ২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অভিজ্ঞতার সনদপত্রের কপি সংযুক্ত করতে হবে।

সকল ক্ষেত্রে চাকুরী বদলী যোগ্য। চাকুরী প্রার্থীর প্রত্যন্ত গ্রামাঞ্চলে কাজ করার মানসিকতা থাকতে হবে। আবেদনপত্র বাছাই সাপেক্ষে যোগ্য প্রার্থীদের মোবাইল ফোনে লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ জানানো হবে। নিয়োগ সম্পর্কিত কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

“নারী ও শিশু নির্যাতন এবং যৌন হয়রানির সাথে সম্পৃক্ত কোন ব্যক্তিকে এসডিএস সমর্থন করে না”

উপ-পরিচালক

মানব সম্পদ বিভাগ, এসডিএস।

Sadar Road, Shariatpur, Post Code-8000, Bangladesh.

Cell: 01325060185, Tel: 02478815406, web: www.sdsbd.org, e-mail: sds.shariatpur@gmail.com

Reg. No. Social Welfare: Shari-77/92, NGO Affairs Bureau: 794/93, Microcredit Regulatory Authority: 0374-04616-00229